



20+



Daily Hindu News24

TV channel

Send message

Hi! Please let us know how we can help.



Daily Hindu News24

August 15 at 2:42 PM · 🌐



Daily Hindu News24

Send message

Like



জাতীয় শোকদিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহদাত বার্ষিকী পালিত হয়েছে। ১৫ই আগস্ট সোমবার শহরের টেম্পল রোডে সনাতন ধর্ম মন্দিরে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের আয়োজনে আলোচনা সভা ও প্রার্থনা সভা পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়। তার আগে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সহকারী প্রকল্প পরিচালক সত্যজিৎ প্রামানিক এর নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ওই প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা কর্মচারী ও শিক্ষকবৃন্দ। শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর সনাতন মন্দিরে সত্যজিৎ প্রামানিক এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এর প্রতিনিধি অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব উজ্জল কুমার ঘোষ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দৈনিক করতোয়ার বার্তা সম্পাদক প্রদীপ ভট্টাচার্য শংকর, বাংলাদেশ পূজা উৎযাপন পরিষদের সা. সম্পাদক নির্মলেন্দু রায়, সভাপতি সাগর রায়, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক নিরাঞ্জন সিং, সভাপতি ডাঃ এন সি বাড়ই, কেন্দ্রীয় পূজা উৎযাপন পরিষদের সদস্য দিলিপ কুমার দেব। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মানবাধিকার কর্মী বিকাশ চন্দ্র স্বর্নকার, পূজা উৎযাপন পরিষদ, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ সহ জেলার বিভিন্ন মন্দির ভিত্তিক স্কুলের শিক্ষক ও শিক্ষিকা বৃন্দ। আলোচনা সভা শেষে ১৫ আগস্ট সকল শহিদের আত্মার শান্তি কামনায় এক বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়।



Rimu Saha, Tapati Sarkar and 7 others

1 Share

